

সূরা - ৮৯

ভোরবেলা

(আল-ফজ্র, :১)

মক্কায় অবতীর্ণ

আল্লাহর নাম নিয়ে, যিনি রহমান, রহীম।

- ১ ভাবো ভোরবেলার কথা,
- ২ আর দশ রাত্রির কথা,
- ৩ আর জোড়ের ও বেজোড়ের কথা,
- ৪ আর রাত্রির কথা যখন তা বিগত হয়।
- ৫ এতে কি নেই কোনো শপথবাক্য বোধশক্তিসম্পন্নদের জন্য?
- ৬ তুমি কি দেখো নি তোমার প্রভু কি করেছিলেন ‘আদ বংশের প্রতি,—
- ৭ ইরামের প্রতি যাদের ছিল উঁচু গঠন,
- ৮ যাদের ক্ষেত্রে ওগুলোর সমতুল্য অন্য শহরে তৈরি হয় নি;
- ৯ আর ছামুদ-জাতির প্রতি, যারা খোলা-প্রান্তের বিশালাকার পাথর কাটতো;
- ১০ আর ফিরআউনের প্রতি, যার ছিল দুর্ধর্ষ সেনাদল,
- ১১ যারা বিদ্রোহাচরণ করেছিল শহরে-নগরে,
- ১২ আর সেখানে অশান্তি বাড়িয়ে দিয়েছিল?
- ১৩ সেইজন্য তোমার প্রভু তাদের উপরে হেনেছিলেন শাস্তির কশাঘাত।
- ১৪ নিঃসন্দেহ তোমার প্রভু তো প্রহরামধ্যে রয়েছেন।
- ১৫ সুতরাং মানুষের বেলা— যখন তার প্রভু তাকে পরীক্ষা করেন, ফলে তাকে সম্মান দেন ও তাকে অনুগ্রহ দান করেন, তখন সে বলে— “আমার প্রভু আমাকে সম্মান দিয়েছেন।”
- ১৬ আর যখন তিনি তাকে পরীক্ষা করেন, ফলে তার প্রতি তার জীবনোপকরণ মেপে-জোখে দেন, তখন সে বলে— “আমার প্রভু আমাকে হীন করেছেন।”
- ১৭ না, বস্তুত তোমরা এতীমকে সম্মান কর না,
- ১৮ আর নিঃসন্দের খাবার দিতে পরস্পরকে উৎসাহিত কর না,
- ১৯ আর তোমরা প্রাস করে ফেল উত্তরাধিকার স্বত্ত্ব পুরোপুরি গলাধ়করণে;
- ২০ আর তোমরা ধনসম্পত্তি ভালবাস গভীর ভালবাসায়।
- ২১ কখনই না! যখন পৃথিবীটা ভেঙ্গে চূর্ণবিচূর্ণ হয়ে যাবে,
- ২২ আর তোমার প্রভু ও ফিরিশ্তাগণ আসবেন কাতারে কাতারে,
- ২৩ আর সেইদিন তিনি জাহানামকে নিয়ে আসবেন; সেইদিন মানুষ স্মরণ করবে, কিন্তু এ স্মরণে তার কী কাজ হবে?

- ২৪ সে বলবে— “হায় আমার আফসোস ! আমি যদি আগবাড়তাম আমার এই জীবনের জন্য !”
- ২৫ কিন্তু সেইদিন কেউই তাঁর শাস্তির মতো শাস্তি দিতে পারবে না,
- ২৬ আর না পারবে কেউ বাঁধতে তাঁর বাঁধনের মতো।
- ২৭ “ওহে প্রশান্ত প্রাণ !
- ২৮ “তোমার প্রভুর কাছে ফিরে এসো সন্তুষ্ট হয়ে,— সন্তোষভাজন হয়ে;
- ২৯ “তারপর প্রবেশ করো আমার বান্দাদের দলে;
- ৩০ “আর প্রবেশ করো আমার জাগ্রাতে !”